প্রথম আলো

তারিখ 22 DEC 2015
পৃঃ ৫ কলাম ৫

# ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে ব্রেইল বই দিল প্রকাশনা সংস্থা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থীদের ব্যবহারের জন্য নিজেদের প্রকাশিত ব্রেইল বই ও অডিও সিডি দিয়েছে 'স্পর্শ ব্রেইল প্রকাশনা'। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ে এক অনুষ্ঠানে এসব বই হস্তান্তর করা হয়।

প্রকাশনা সংস্থাটি ব্রেইল পদ্ধতিতে প্রকাশিত বইগুলোর মধ্যে মুহম্মদ জাফর ইকবালের *মুক্তিযুদ্ধের ইতিহাস*, মফিদুল হকের *সে কোন রবীন্দ্রনাথ*, হুমায়ূন আহমেদের *বোতল ভূত*, ফরিদুর রেজা সাগরের *কক্সবাজারের কাকাতুয়া*, লুৎফর রহমান রিটনের *৭১ দেখব বলে*, ফেরদৌসী মজুমদারের *নূরী কাহিনী* ইত্যাদিসহ মোট ১৬টি বইয়ের একাধিক কপি করে গ্রন্থাগারে দিয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক। স্পর্শ ব্রেইল প্রকাশনার প্রধান উদ্যোক্তা নাজিয়া জাবীনের সঞ্চালনায় অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক নাসরীন আহমাদ, মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি মফিদুল হক, বাংলা একাডেমির পরিচালক শাহিদা খাতুন প্রমুখ উপস্থিত ছিলেন।